

জানি তুমিও ঘুমাতে পারোনি
আমিও ঘুমাইনি সেদিন রাতে,
সামান্য কি কথা নিয়ে যে
অভিমান করেছিলে আমার সাথে।
জানি তুমিও ঘুমাতে পারোনি
আমিও ঘুমাইনি সেদিন রাতে,
সামান্য কি কথা নিয়ে যে
অভিমান করেছিলে আমার সাথে।
জানি তুমিও ঘুমাতে পারোনি ..

একটু সহজ হতে ছিলনাতো দোষ
কি এমন দোষ হত করলে আপোষ,
একটু সহজ হতে ছিলনাতো দোষ
কি এমন দোষ হত করলে আপোষ,
যদি দু'জনে ভূলে যেতাম সব অভিমান
কি এমন ক্ষতি ছিল বলো তাতে।
জানি তুমিও ঘুমাতে পারোনি
আমিও ঘুমাইনি সেদিন রাতে,
সামান্য কি কথা নিয়ে যে
অভিমান করেছিলে আমার সাথে।
জানি তুমিও ঘুমাতে পারোনি ..

এইতো সেদিন তুমি হাতে নিয়ে ফুল
বলেছিলে কোনদিন বুঝানাগো ভুল,
এইতো সেদিন তুমি হাতে নিয়ে ফুল
বলেছিলে কোনদিন বুঝানাগো ভুল,
যদি দু'জনই ফিরে পেতাম সেই মধুক্ষন
কি এমন ক্ষতি ছিল বল তাতে।

জানি তুমিও ঘুমাতে পারোনি
আমিও ঘুমাইনি সেদিন রাতে,
সামান্য কি কথা নিয়ে যে
অভিমান করেছিলে আমার সাথে।
জানি তুমিও ঘুমাতে পারোনি...

